দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 SEP 2016
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... 2 ...

# ঈশ্বরদীর শিক্ষা অফিসার কানিজ ফাতেমা রাজশাহী বিভাগে শ্রেষ্ঠ

■ ঈশ্বরদী (পাবনা) সংবাদদাতা

ঈশ্বরদী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোছা. কানিজ ফাতেমা রাজশাহী বিভাগের শ্রেষ্ঠ শিক্ষা অফিসার নির্বাচিত হয়েছেন। ২০১৬ সালের জাতীয় শিক্ষা সপ্তাহে তিনি প্রথমে পাবনা জেলায় শ্রেষ্ঠ শিক্ষা অফিসার হিসেবে নির্বাচিত হয়েছিলেন। মানসম্মত প্রাথমিক শিক্ষা, ঝড়ে পড়া শিক্ষার্থী সংখ্যা হ্রাস, বিদ্যালয় পর্যায়ে শিক্ষক-শিক্ষার্থী উপস্থিতি নিশ্চিতকরণ, সমাপনী পরীক্ষায় ভালো ফলাফল বিষয়ে তত্ত্বাবধান এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ উন্নয়নে বিশেষ অবদানের জন্য বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতায়ও তাঁকে শ্রেষ্ঠ শিক্ষা অফিসার হিসেবে নির্বাচিত করা হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. মুরাদুল হক এর স্বাক্ষরিত এক পত্রে এই তথ্য জানা যায়।